

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ২৮৩

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْأَوَّلُ

আরবী

وَفِي حَدِيثِ مَالِكِ بْنِ أَنَسٍ: «فَذَلِكَ الرِّبَاطُ فَذَلِكَ الرِّبَاطُ». رَدَّدَ مَرَّتَيْنِ. رَوَاهُ مُسْلِمٌ.
وَفِي رِوَايَةِ التِّرْمِذِيِّ ثَلَاثًا

বাংলা

২৮৩-[৩] মালিক ইবনু আনাস (রাঃ)-এর বর্ণনায় রয়েছে, 'এটাই রিবা-ত্ব, এটাই রিবা-ত্ব' দু'বার বলা হয়েছে।
(মুসলিম, আর তিরমিযীতে তা তিনবার উল্লিখিত হয়েছে)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৫১, তিরমিযী ৫১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: কোন ব্যক্তি যদি ঠাণ্ডা পানি কিংবা শরীরে ব্যথা বা অন্যান্য সমস্যা সত্ত্বেও দুনিয়ার সকল বিষয়ের প্রতি খেয়াল বর্জন করে উযূর অঙ্গগুলোকে তিনবার করে ধৌত করে এবং ঘর্ষণের মাধ্যমে ও উযূর অঙ্গগুলোর শুভ্রতা ও উজ্জ্বলতা বৃদ্ধির উদ্দেশ্যে উযূর প্রতি ব্যাস্ত থাকে তাহলে এ ধরনের ব্যক্তির 'আমলনামা থেকে আল্লাহ তার সগীরাহ্ গুনাহসমূহ মিটিয়ে দিবেন এবং ইহজীবন ও পরজীবনে তার মর্যাদা উন্নীত করবেন এবং এটিই আল্লাহ তা'আলার বাণী- **يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اصْبِرُوا وَصَابِرُوا وَرَابِطُوا وَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ**- অর্থাৎ- “হে মু'মিনগণ! ধৈর্য অবলম্বন কর, দৃঢ়তা প্রদর্শন কর, নিজেদের প্রতিরক্ষাকল্পে পারস্পরিক বন্ধন মজবুত কর এবং আল্লাহকে ভয় কর, যাতে তোমরা সফলকাম হতে পারো”- (সূরাহ্ আ-লি 'ইমরান ৩ : ২০০)। এর মাঝে উল্লিখিত প্রকৃত রিবা-ত্ব। কারণ এ ধরনের উযূ (ওযু/ওজু/অজু) একজন ব্যক্তিকে শায়ত্বনী পথসমূহ থেকে বাধা দেয়। আত্মাকে প্রবৃত্তি থেকে বিরত রাখে এবং নাফসের শত্রু ও শায়ত্বন (শয়তান) হতে দূরে রাখে।

পরিশেষে বলা যায়, মুসলিমে উল্লিখিত হাদীসে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উক্তি **فَذَلِكُمُ الرِّبَاطُ** কথাটি দু'বার এবং তিরমিযীর বর্ণনাতে তিনবার এসেছে। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গুরুত্ব দান অথবা বিষয়টির মর্যাদা বুঝানো এবং এ ব্যাপারে ব্যাপক উৎসাহ প্রদানের জন্য একাধিকবার বাক্যটি উচ্চারণ করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54842>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন